গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর:৩৪.০০.০০০০.০০০.০৫১.২২.০০০৬.২৫-৩০৮

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা (সংশোধিত) ২০২৫" এবং "যুবকল্যাণ তহবিল অনুদান নীতিমালা ২০২৫" প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ মোতাবেক সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" এবং যুব সংগঠনসমূহকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদানের নিমিত্ত "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা (সংশোধিত) ২০২৫" ও "যুবকল্যাণ তহবিল অনুদান নীতিমালা ২০২৫" অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০২ (দুই) টি নীতিমালা।

১১/১২/২৫
মোহাম্মদ উল্লাহ
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০১৭১৩১৭৪৩১১

বিতরণ, জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা প্রশাসক (সকল)।
২. উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয় (সকল )।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫. সহকারী কমিশনার (ভূমি) (সকল )
৬. উপপরিচালক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল )।
৭. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণি সম্পদ অফিস (সকল)।
৮. জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য অফিস (সকল)।
৯. জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১০. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)।
১১. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল)।
১২. উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর (সকল)।
১৩. উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।
১৪. উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা কার্যালয় (সকল)।
১৫. জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয় (সকল)।
১৬. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী (সকল)।
১৭. জেলা ক্রীড়া অফিসার, জেলা ক্রীড়া অফিসারের কার্যালয় (সকল)।
১৮. উপজেলা কৃষি কর্মকর্তা (সকল)।
১৯. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।
২০. উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
২১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা( সকল)।
২২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।

২৩. উপজেলা সমবায় অফিসার (সকল)।
২৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
২৫. উপজেলা প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তা (সকল)।
২৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)।
২৭. সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা (সকল)।
২৮. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)।

স্মারক নম্বর:৩৪.০০.০০০০.০০০.০৫১.২২.০০০৬.২৫-৩০৮ তারিখ: ১১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/সমাজকল্যাণ মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা [মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল উপপরিচালক ও সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে (মেট্রোপলিটন ইউনিট কার্যালয়সহ) প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
৪. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/ প্রাণিসম্পদ অধিদপ্তর/ সমাজসেবা অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর/শিল্পকলা একাডেমী/বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।
৭. যুগ্মসচিব (যুব অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. প্রোগ্রামার, আইসিটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. অফিস কপি।

১১/১২/২৫
মোহাম্মদ উল্লাহ
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.২৩.২০৫.২৫. ৬৯ তারিখ: ২৯ পৌষ ১৪৩৩ / ১৩ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। পরিচালক (সকল), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। প্রকল্প পরিচালক (সকল), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,'বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল জেলা) ।
৬। অধ্যক্ষ, যুব উন্নয়ন একাডেমি, সাভার, ঢাকা।
৭। প্রোগ্রামার, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮। কোঅর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র (সকল জেলা)।
৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা,যুব উন্নয়ন অধিদপ্তর (সকল উপজেলা/ইউনিট থানা)
১০। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যাক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১। অফিস কপি।

১৩/০১/২০২৬
(মোঃ নজরুল ইসলাম শেখ)
সহকারী পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন শাখা
মোবাইল: ০১৭১২০১৪৬০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা (সংশোধিত) ২০২৫

১। **শিরোনাম:** এ নীতিমালা 'ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা (সংশোধিত) ২০২৫' নামে অভিহিত হবে।

২। **পটভূমি:** 'যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬'-এর ৪(খ) ধারায় সামাজিক ক্ষেত্রে স্বেচ্ছাসেবামূলক কাজে অসাধারণ অবদানের জন্য যুবদেরকে পুরস্কৃত করার বিধান রয়েছে। জাতি গঠনের অভিযাত্রায় যুব সমাজই সবচেয়ে বড় সম্ভাবনা ও পরিবর্তনের চালিকাশক্তি। সমৃদ্ধ বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নে যুবসমাজের সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য। এই বাস্তবতায়, দেশের যুবদের উদ্যম, নেতৃত্বগুণ, সামাজিক দায়বদ্ধতা এবং স্বেচ্ছাসেবামূলক কর্মকাণ্ডকে উৎসাহ ও স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে 'ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড' প্রবর্তন করা হয়। যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে 'ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড' প্রদানের যাবতীয় কার্যক্রম পরিচালিত হয়।

৩। **উদ্দেশ্য:** 'ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড' প্রদানের মূল উদ্দেশ্য হচ্ছে যুবদেরকে স্বেচ্ছাসেবামূলক কাজের মাধ্যমে দেশপ্রেমে উদ্বুদ্ধ করা। এটি শুধু সম্মান নয়-একটি আহ্বান, যা যুবদের নেতৃত্ব বিকাশে ও উদ্ভাবনী কাজে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত করে।

৪। **সংজ্ঞা:**

(ক) 'ভলান্টিয়ার': অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবকে বুঝাবে।

(খ) 'ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড': যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ৪(খ) ধারা মোতাবেক প্রদত্ত অ্যাওয়ার্ডকে বুঝাবে।

(গ) 'যুব': বিদ্যমান জাতীয় যুব নীতি অনুযায়ী নির্ধারিত বয়সসীমার বাংলাদেশের যে কোনো নারী-পুরুষকে বুঝাবে।

(ঘ) 'বোর্ড': যুবকল্যাণ তহবিল আইন ২০১৬ এর ধারা ৫ এর আওতায় গঠিত এবং এই নীতিমালার ৯(গ) অনুচ্ছেদে বর্ণিত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডকে বুঝাবে।

(ঙ) 'সিলেকশন কমিটি': যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ধারা ৮ (১) এর আওতায় গঠিত এবং এই নীতিমালার ৯ (ঘ) অনুচ্ছেদে বর্ণিত সিলেকশন কমিটিকে বুঝাবে।

(চ) 'উপজেলা কমিটি': এই নীতিমালার ০৯ (ক) নং অনুচ্ছেদে গঠিত উপজেলা কমিটিকে বুঝাবে।

(ছ) 'জেলা কমিটি': এই নীতিমালার ০৯ (খ) নং অনুচ্ছেদে গঠিত জেলা কমিটিকে বুঝাবে।

(জ) 'বিশিষ্ট ব্যক্তি': বিশিষ্ট ব্যক্তি বলতে-ক্যাটাগরিতে উল্লিখিত বিষয় সংশ্লিষ্ট একজন কর্মকর্তা (সরকারি, আধাসরকারি/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়াত্ত সংস্থার ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড বা সমতুল্য বা তদুর্ধ্ব পদে কর্মরত কর্মকর্তা)।

৫। **অ্যাওয়ার্ড ক্যাটাগরি, সংখ্যা ও পুরস্কারের অর্থ:**

(ক) যুবকল্যাণ তহবিল আইন ২০১৬ এর ৪(খ) এবং ৯(খ) ধারার বিধান সাপেক্ষে নিম্নোক্ত ক্যাটাগরিতে সামাজিক ক্ষেত্রে যুবদের অসাধারণ অবদানের জন্য যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে প্রতি অর্থবছরে একবার "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" প্রদান করা হবে :

১. আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা উন্নয়ন;
২. ক্রীড়া উন্নয়ন;
৩. সমাজসেবা ও জনকল্যাণ (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আদর্শসেবা);
৪. বিজ্ঞান, প্রযুক্তি ও কারিগরি;
৫. নারী ও শিশু উন্নয়ন;
৬. শিক্ষার উন্নয়ন ও প্রসার;
৭. পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলা;
৮. কলা ও সংস্কৃতি।

(খ) প্রতি অর্থবছরে একবার প্রতি ক্যাটাগরিতে উপযুক্ত প্রার্থী পাওয়া সাপেক্ষে দুইটি করে অ্যাওয়ার্ড প্রদান করা হবে। তবে, কোন ক্যাটাগরিতে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে ঐ ক্যাটাগরিতে অ্যাওয়ার্ড প্রদান করা যাবে না।

(গ) প্রতিটি অ্যাওয়ার্ডে থাকবে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ক্রস্‌ড চেক, একটি ক্রেস্ট এবং একটি সম্মাননাপত্র।

৬। প্রার্থী বাছাই এবং অ্যাওয়ার্ড প্রদান পদ্ধতি:

(ক) প্রতি বছর 'ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড' প্রদানের জন্য নির্ধারিত ফরম-এ আবেদন আহবান করা হবে।

(খ) অ্যাওয়ার্ড বিজ্ঞপ্তি বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক জাতীয় পত্রিকাসহ বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ও সংশ্লিষ্ট অফিসের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করা হবে।

(গ) আগ্রহী যুবগণ স্ব স্ব উপজেলার সংশ্লিষ্ট কমিটি'র সভাপতি বরাবর নির্ধারিত ফরমে আবেদন দাখিল করবেন। মহানগরীর ক্ষেত্রে (যেখানে উপজেলা কার্যালয় নেই) সরাসরি সংশ্লিষ্ট জেলা কমিটি'র সভাপতি বরাবর একই পদ্ধতিতে আবেদন করবেন। তবে আবেদন কার্যক্রম অনলাইন পদ্ধতি চালু হলে তদানুযায়ী সকল বিষয়াদি অনলাইনের মাধ্যমে পরিচালিত হবে।

(ঘ) আবেদনের সাথে উল্লিখিত ক্যাটাগরির বিষয় সংশ্লিষ্ট (সরকারি, আধাসরকারি/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়াত্ত সংস্থার ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড বা সমতুল্য বা তদূর্ধ্ব পদে কর্মরত কর্মকর্তা) একজন কর্মকর্তার প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

(ঙ) একজন আবেদনকারী যে কোনো একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।

(চ) উপজেলা কমিটি অনলাইন/ম্যানুয়েল পদ্ধতিতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে ক্যাটাগরিভিত্তিক বাছাইকৃত উপযুক্ত প্রার্থীর আবেদন কার্যবিবরণীসহ যথানিয়মে জেলা কমিটির নিকট প্রেরণ করবে।

(ছ) জেলা কমিটি উপজেলা হতে অনলাইন/ম্যানুয়েল পদ্ধতিতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে ক্যাটাগরিভিত্তিক বাছাইকৃত উপযুক্ত প্রার্থীর আবেদন কার্যবিবরণীসহ যথানিয়মে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে।

(জ) জেলা কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রতিটি ক্যাটাগরিতে ০১ (এক)টি করে সর্বোচ্চ ০৮ (আট)টি উপযুক্ত আবেদন কার্যবিবরণীসহ নির্ধারিত সময়ের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(ঝ) জেলা কমিটি হতে প্রাপ্ত আবেদনসমূহ সিলেকশন কমিটি যাচাই-বাছাইপূর্বক সুপারিশ প্রস্তুত করে চূড়ান্ত মনোনয়নের জন্য বোর্ডের নিকট তা উপস্থাপন করবে। সিলেকশন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থী বোর্ড কর্তৃক চূড়ান্তভাবে মনোনয়ন করা হবে।

(ঞ) চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীর অনুপস্থিতিতে প্রার্থী কর্তৃক মনোনীত ব্যক্তি তাঁর পক্ষে অ্যাওয়ার্ড গ্রহণ করতে পারবেন।

(ট) ক্ষেত্র বিশেষে বোর্ড অ্যাওয়ার্ডের অর্থের পরিমাণ ও অ্যাওয়ার্ড সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

(ঠ) চূড়ান্তভাবে মনোনীত যুব বা তাঁর প্রতিনিধিকে অনুষ্ঠানে উপস্থিত হয়ে অ্যাওয়ার্ড গ্রহণ করার নিমিত্ত যাতায়াত ভাতা প্রদান করা যাবে।

৭। আবেদনকারীর অযোগ্যতা:

(১) ফৌজদারি মামলায় দন্ডিত কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

(২) এ অ্যাওয়ার্ডে একবার ভূষিত হলে তিনি আর আবেদন করতে পারবেন না।

(৩) ঋণখেলাপি কোন ব্যক্তি এই অ্যাওয়ার্ডের জন্য বিবেচিত হবেন না।

(৪) চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে তাঁর পুরস্কার প্রত্যাহার করা হবে এবং ক্যাটাগরির পরবর্তী বিজয়ী মেধাক্রম অনুযায়ী নির্বাচিত হবেন।

(৫) সন্ত্রাস বা সমাজ বা রাষ্ট্র বিরোধী বা আইন শৃঙ্খলা বিরোধী কাজে লিপ্ত কোন যুব এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

(৬) আবেদনকারী যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক অন্য কোন পুরস্কারে ভূষিত হলে এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৮। মানবন্টন ও নির্দেশক (Indicator):

১. আবেদনপত্র পরিশিষ্ট-ক এ উল্লিখিত ক্যাটাগরিভিত্তিক নির্দেশক (Indicator) এবং তৎপার্শ্বে বর্ণিত মানবন্টনের ভিত্তিতে মূল্যায়ন করা হবে।

২. মূল্যায়ন পদ্ধতি:

(ক) সিলেকশন কমিটি কর্তৃক ক্যাটাগরিভিত্তিক প্রতিটি আবেদন ১০০ নম্বরের মধ্যে মূল্যায়ন করা হবে।

(খ) জেলা কমিটি কর্তৃক ক্যাটাগরিভিত্তিক প্রতিটি আবেদন ১০০ (একশত) নম্বরের মধ্যে মূল্যায়ন করা হবে।

(গ) জেলা কমিটি কর্তৃক মূল্যায়নকৃত নম্বরকে ৩০%-এ এবং সিলেকশন কমিটির মূল্যায়নকৃত নম্বরকে ৭০%-এ রূপান্তর (Convert) করে সমন্বিত ১০০ নম্বরের মধ্যে আবেদনকারীর প্রাপ্ত নম্বর মোট নম্বর হিসাবে গণনা করা হবে।

(ঘ) ক্যাটাগরিভিত্তিক উক্ত পদ্ধতিতে এবং নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধাক্রম অনুযায়ী প্রার্থী নির্বাচন করা হবে।

৩. ক্যাটাগরি ভিত্তিক নির্দেশক এবং মানবন্টন পরিশিষ্ট-ক তে সংযুক্ত করা হয়েছে।

৯। কমিটি:

(ক) উপজেলা কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তা | সদস্য |
| ১২. | সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা | সদস্য |
| ১৩. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন সাংস্কৃতিক ব্যক্তিত্ব | সদস্য |
| ১৪. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন যুব প্রতিনিধি | সদস্য |
| ১৫. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন এনজিও প্রতিনিধি | সদস্য |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য-সচিব |

- উপজেলা কমিটির কার্যপরিধি:

ক. অ্যাওয়ার্ডের ক্যাটাগরি অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহ বিজ্ঞপ্তির শর্তাবলি অনুযায়ী যাচাই-বাছাই করা;
খ. আবেদনের সাথে সংযুক্ত চাহিত তথ্যাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করা;
গ. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল করা;
ঘ. অ্যাওয়ার্ডের ক্যাটাগরিভিত্তিক বাছাইকৃত আবেদনপত্র ছক-১ অনুযায়ী একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করা;
ঙ. উপজেলা কমিটির মন্তব্য ও সুপারিশ সম্বলিত একটি কার্যবিবরণী এবং ছক-১ অনুযায়ী প্রস্তুতকৃত আবেদনের পূর্ণাঙ্গ তালিকাসহ সকল আবেদন জেলা কমিটির সভাপতি বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(খ) জেলা কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা কার্যালয় | সদস্য |
| ৪. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণি সম্পদ অফিস | সদস্য |
| ৫. | জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য অফিস | সদস্য |
| ৬. | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, জেলা কার্যালয় | সদস্য |
| ৭. | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা কার্যালয় | সদস্য |
| ৮. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা কার্যালয় | সদস্য |
| ৯. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ১০. | জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয় | সদস্য |
| ১১. | জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১২. | জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী | সদস্য |
| ১৩. | জেলা ক্রীড়া কর্মকর্তা, জেলা ক্রীড়া অফিস | সদস্য |
| ১৪. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন যুব প্রতিনিধি | সদস্য |
| ১৫. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন এনজিও প্রতিনিধি | সদস্য |
| ১৬. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় | সদস্য-সচিব |

- জেলা কমিটির কার্যপরিধি:

ক. উপজেলা কমিটি কর্তৃক প্রেরিত আবেদনসমূহ বিজ্ঞপ্তির শর্তাবলি অনুযায়ী পুনঃযাচাই-বাছাইপূর্বক প্রতিটি আবেদনের বিপরীতে ছক-২ অনুযায়ী নির্ধারিত মানবণ্টনের আলোকে মূল্যায়ন করা;

খ. ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর আবেদনকারীর নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ বিজ্ঞপ্তির শর্তাবলির আলোকে যাচাই-বাছাইপূর্বক অ্যাওয়ার্ডের ক্যাটাগরিভিত্তিক ছক-১ মোতাবেক আবেদনপত্রের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন এবং প্রতিটি আবেদনের বিপরীতে ছক-২ অনুযায়ী নির্ধারিত মানবণ্টনের আলোকে মূল্যায়ন করা;

গ. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল করা;

ঘ. অ্যাওয়ার্ডের প্রতি ক্যাটাগরিতে ০১ (এক) জন করে সর্বোচ্চ ০৮ (আট) জনের তালিকা ছক-৩ অনুযায়ী মেধাক্রমের ভিত্তিতে প্রণয়ন করা;

ঙ. প্রস্তুতকৃত মেধাক্রমের পূর্ণাঙ্গ তালিকাসহ জেলা কমিটির মন্তব্য ও সুপারিশ সম্বলিত একটি কার্যবিবরণী এবং অ্যাওয়ার্ডের প্রতি ক্যাটাগরির বিপরীতে মেধাক্রমের শীর্ষ ০১ (এক) জন করে সর্বোচ্চ ০৮ (আট) জন আবেদনকারীর নাম নির্ধারিত সময়ের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

**(গ) যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ০৫ ধারা অনুযায়ী যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড :**

| | | |
|---|---|---|
| ১. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/উপদেষ্টা, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হবেন। তবে, মন্ত্রী/ উপদেষ্টা, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী বা বিশেষ সহকারী সকলেই বিদ্যমান থাকলে মন্ত্রী/উপদেষ্টা চেয়ারম্যান, এবং প্রযোজ্য ক্ষেত্রে, অন্য তিনজন বা একজন ভাইস-চেয়ারম্যানও হবেন। | সভাপতি |
| ২. | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য-সচিব |
| ৩. | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৮. | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৯. | সরকার কর্তৃক মনোনীত যুব সংগঠনের মধ্য হতে ০৪ (চার) জন প্রতিনিধি, যার মধ্যে অন্যূন একজন মহিলা প্রতিনিধি থাকবেন। | সদস্য |

**(ঘ) যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ০৮ ধারা অনুযায়ী সিলেকশন কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর অথবা তৎকর্তৃক মনোনীত একজন জন প্রতিনিধি | সদস্য |
| ৪. | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর অথবা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ৫. | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর অথবা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ৬. | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড অথবা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | যুব সংগঠকদের মধ্য হতে সরকার কর্তৃক মনোনীত, যুব কার্যক্রমে সক্রিয়ভাবে জড়িত ও খ্যাতিমান, একজন মহিলা ও একজন পুরুষ প্রতিনিধি | সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য-সচিব |

১০। **সংরক্ষণ:** যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড প্রয়োজনবোধে এ নীতিমালা সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করতে পারবে।

স্বাক্ষরিত
১১/১২/২০২৫
মোঃ মাহবুব-উল-আলম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

পরিশিষ্ট-ক

## ক্যাটাগরি: ০১

### আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা উন্নয়নে অসাধারণ অবদান

(নির্দেশক ও মানবন্টন: জেলা কমিটি ১০০ নম্বর এবং সিলেকশন কমিটি-১০০ নম্বর)

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবন্টন | নির্দেশকভিত্তিক মানবন্টন |
|---|---|---|---|
| ১. | কার্যক্রম এর ব্যাপ্তি বা ভৌগোলিক বিস্তৃতি (এলাকাভিত্তিক) | ২০ নম্বর | ১. দেশব্যাপী-২০ নম্বর ২. বিভাগব্যাপী- ১৫ নম্বর<br>৩. জেলাব্যাপী-১২ নম্বর ৪. সিটি কর্পোরেশনব্যাপী - ১০ নম্বর<br>৫. পৌরসভাব্যাপী-০৪ নম্বর, ৬. উপজেলাব্যাপী - ০৫ নম্বর<br>৭. ইউনিয়নব্যাপী - ০৩ নম্বর |
| ২. | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা | ২০ নম্বর | প্রতি ৫০ জনের জন্য - ০৫ নম্বর।<br>২০০ বা তদুর্ধ্ব জনের জন্য - ২০ নম্বর |
| ৩. | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | ১০ নম্বর | ১. স্বীকৃতি সনদ - ০২ নম্বর, ২. স্থিরচিত্র - ০২ নম্বর<br>৩. ভিডিও - ০২ নম্বর<br>৪. প্রভাবিত জনসংখ্যা/উপকারভোগীর সংখ্যা, ঠিকানা, NID ও মোবাইল নম্বর সম্বলিত কাগজপত্র - ০৪ নম্বর |
| ৪. | সমাজের অনগ্রসর জনগোষ্ঠীকে আর্থ-সামাজিক উন্নয়নে অবদান | ১০ নম্বর | ১. অনগ্রসর উপকারভোগীর সংখ্যা অন্যূন ৫০ (পঞ্চাশ) জন হলে ০৩ (তিন) নম্বর এবং তদুর্দ্ধ সংখ্যক উপকারভোগী হলে আরো ০৩ (তিন) নম্বর<br>২.অনগ্রসর উপকারভোগীর সংখ্যা, ঠিকানা NID ও মোবাইল নম্বর সম্বলিত কাগজপত্র দাখিলের জন্য ০৪ (চার) নম্বর |
| ৫. | কর্মসংস্থানের জন্য নতুন ক্ষেত্র সৃষ্টি | ১০ নম্বর | প্রতি নতুন ক্ষেত্রের জন্য ০২ (দুই) নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৬. | কার্যক্রম এর সময়কাল | ০৫ নম্বর | প্রতি বছরের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৭. | জাতীয়, আন্তর্জাতিক ও অন্যান্য স্বীকৃতি/পুরস্কার | ১০ নম্বর | ১. আন্তর্জাতিক - ০৫ নম্বর , ২.জাতীয়- ০৩ নম্বর<br>৩. স্থানীয় (জেলা/উপজেলা)-০২ নম্বর |
| ৮. | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | ০৫ নম্বর | ১. জাতীয় পত্রিকা- ০২ নম্বর ,২. আঞ্চলিক পত্রিকা - ০১ নম্বর<br>৩. ইলেকট্রনিক মিডিয়া - ০১ নম্বর,<br>৪. সামাজিক মাধ্যম - ০১ নম্বর |
| ৯. | সফলতার গল্প | ০৫ নম্বর | সফলতার গল্প প্রতিটির জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ১০. | প্রতিফলনযোগ্যতা (Replicability) | ০৫ নম্বর | প্রথম একটি কাজের জন্য ০২ নম্বর এবং পরবর্তী প্রতি ০১টি কাজের জন্য - ০১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |

## ক্যাটাগরি: ২

### ক্রীড়া উন্নয়নে অসাধারণ অবদান

(নির্দেশক ও মানবন্টন: জেলা কমিটি ১০০ নম্বর এবং সিলেকশন কমিটি-১০০ নম্বর)

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবন্টন | নির্দেশকভিত্তিক মানবন্টন |
|---|---|---|---|
| ১. | কার্যক্রম এর ব্যাপ্তি বা ভৌগোলিক বিস্তৃতি (এলাকাভিত্তিক) | ২০ নম্বর | ১. দেশব্যাপী-২০ নম্বর, ২. বিভাগব্যাপী-১৫ নম্বর<br>৩. জেলাব্যাপী-১২ নম্বর, ৪. সিটি কর্পোরেশনব্যাপী - ১০ নম্বর<br>৫. পৌরসভাব্যাপী-০৪ নম্বর, ৬. উপজেলাব্যাপী-০৫ নম্বর<br>৭. ইউনিয়নব্যাপী-০৩ নম্বর |
| ২. | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা | ২০ নম্বর | প্রতি ৫০ জনের জন্য - ০৫ নম্বর।<br>২০০ বা তদুর্ধ্ব জনের জন্য - ২০ নম্বর |
| ৩. | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | ১০ নম্বর | ১. স্বীকৃতি সনদ - ০২ নম্বর, ২. স্থিরচিত্র - ০২ নম্বর<br>৩. ভিডিও - ০২ নম্বর<br>৪. প্রভাবিত জনসংখ্যা/উপকার ভোগীদের ঠিকানা, NID ও মোবাইল নম্বর সম্বলিত কাগজপত্র - ০৪ নম্বর |
| ৪. | খেলাধুলা চর্চার সুবিধার্থে ব্যবস্থা গ্রহণ | ১০ নম্বর | প্রতিটি খেলাধুলা আয়োজনের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবণ্টন | নির্দেশকভিত্তিক মানবণ্টন |
|---|---|---|---|
| ৫. | ক্রীড়া সামগ্রী বিতরণ | ১০ নম্বর | প্রতিটি প্রতিষ্ঠান/ক্লাব/সংস্থাকে ক্রীড়া সামগ্রী বিতরণের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৬. | কার্যক্রম এর সময়কাল | ০৫ নম্বর | প্রতি বছরের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ৭. | জাতীয়, আন্তর্জাতিক ও অন্যান্য স্বীকৃতি/পুরস্কার | ১০ নম্বর | ১. আন্তর্জাতিক-০৫ নম্বর, ২.জাতীয়-০৩ নম্বর<br>৩. স্থানীয় (জেলা/উপজেলা)-০২ নম্বর |
| ৮. | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | ০৫ নম্বর | ১. জাতীয় পত্রিকা-০২ নম্বর , ২. আঞ্চলিক পত্রিকা - ০১ নম্বর<br>৩. ইলেকট্রনিক মিডিয়া - ০১ নম্বর<br>৪. সামাজিক মাধ্যম - ০১ নম্বর |
| ৯. | সফলতার গল্প | ০৫ নম্বর | সফলতার গল্প প্রতিটির জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ১০. | প্রতিফলনযোগ্যতা(Replicability) | ০৫ নম্বর | প্রথম একটি কাজের জন্য ০২ নম্বর এবং পরবর্তী প্রতি ০১ টি কাজের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |

## ক্যাটাগরি: ৩

### সমাজসেবা ও জণকল্যাণে (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আর্দশ সেবা) অসাধারণ অবদান

(নির্দেশক ও মানবণ্টন: জেলা কমিটি ১০০ নম্বর এবং সিলেকশন কমিটি-১০০ নম্বর)

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবণ্টন | নির্দেশকভিত্তিক মানবণ্টন |
|---|---|---|---|
| ১. | কার্যক্রম এর ব্যাপ্তি বা ভৌগোলিক বিস্তৃতি (এলাকাভিত্তিক) | ২০ নম্বর | ১. দেশব্যাপী-২০ নম্বর, ২. বিভাগব্যাপী-১৫ নম্বর<br>৩. জেলাব্যাপী-১২ নম্বর, ৪.সিটি কর্পোরেশনব্যাপী-১০ নম্বর<br>৫. পৌরসভাব্যাপী-০৪ নম্বর, ৬. উপজেলাব্যাপী-০৫ নম্বর<br>৭. ইউনিয়নব্যাপী-০৩ নম্বর |
| ২. | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা | ২০ নম্বর | প্রতি ৫০ জনের জন্য - ০৫ নম্বর,<br>২০০ বা তদূর্ধ্ব জনের জন্য - ২০ নম্বর |
| ৩. | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | ১০ নম্বর | ১. স্বীকৃতি সনদ - ০২ নম্বর, ২. স্থিরচিত্র - ০২ নম্বর<br>৩. ভিডিও - ০২ নম্বর<br>৪. প্রভাবিত জনসংখ্যা/উপকার ভোগীদের ঠিকানা, NID ও মোবাইল নম্বর সম্বলিত কাগজপত্র - ০৪ নম্বর |
| ৪. | সমাজের জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের জন্য উন্নয়নমূলক কার্যক্রম | ১০ নম্বর | প্রতিটি কার্যক্রমের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৫. | জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের আর্থিক সহায়তা প্রদান | ১০ নম্বর | প্রতি ০৩ জনের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৬. | কার্যক্রম এর সময়কাল | ০৫ নম্বর | প্রতি বছরের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৭. | জাতীয়, আন্তর্জাতিক ও অন্যান্য স্বীকৃতি/পুরস্কার | ১০ নম্বর | ১. আন্তর্জাতিক -০৫ নম্বর, ২.জাতীয়- ০৩ নম্বর<br>৩. স্থানীয় (জেলা/উপজেলা)-০২ নম্বর |
| ৮. | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | ০৫ নম্বর | ১. জাতীয় পত্রিকা- ০২ নম্বর, ২. আঞ্চলিক পত্রিকা - ০১ নম্বর<br>৩. ইলেকট্রনিক মিডিয়া - ০১ নম্বর<br>৪. সামাজিক মাধ্যম - ০১ নম্বর |
| ৯. | সফলতার গল্প | ০৫ নম্বর | সফলতার গল্প প্রতিটির জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ১০. | প্রতিফলনযোগ্যতা(Replicability) | ০৫ নম্বর | প্রথম একটি কাজের জন্য ০২ নম্বর এবং পরবর্তী প্রতি ০১ টি কাজের জন্য - ০১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |

## ক্যাটাগরি: ৪

### বিজ্ঞান, প্রযুক্তি ও কারিগরি ক্ষেত্রে অসাধারণ অবদান

(নির্দেশক ও মানবণ্টন: জেলা কমিটি ১০০ নম্বর এবং সিলেকশন কমিটি-১০০ নম্বর)

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবণ্টন | নির্দেশকভিত্তিক মানবণ্টন |
|---|---|---|---|
| ১. | কার্যক্রম এর ব্যাপ্তি বা ভৌগোলিক বিস্তৃতি (এলাকাভিত্তিক) | ২০ নম্বর | ১. দেশব্যাপী-২০ নম্বর, ২. বিভাগব্যাপী-১৫ নম্বর<br>৩. জেলাব্যাপী-১২ নম্বর, ৪. সিটি কর্পোরেশনব্যাপী-১০ নম্বর |

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবণ্টন | নির্দেশকভিত্তিক মানবণ্টন |
|---|---|---|---|
| | | | ৫. পৌরসভাব্যাপী-০৪ নম্বর, ৬. উপজেলাব্যাপী-০৫ নম্বর<br>৭. ইউনিয়নব্যাপী-০৩ নম্বর |
| ২. | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা | ২০ নম্বর | প্রতি ৫০ জনের জন্য - ০৫ নম্বর।<br>২০০ বা তদূর্ধ্ব জনের জন্য - ২০ নম্বর |
| ৩. | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | ১০ নম্বর | ১. স্বীকৃতি সনদ - ০২ নম্বর, ২. স্থিরচিত্র - ০২ নম্বর<br>৩. ভিডিও - ০২ নম্বর<br>৪. প্রভাবিত জনসংখ্যা/উপকার ভোগীদের ঠিকানা, NID ও মোবাইল নম্বর সম্বলিত কাগজপত্র - ০৪ নম্বর |
| ৪. | উদ্ভাবনী উদ্যোগে ভূমিকা | ১০ নম্বর | প্রতিটি উদ্ভাবনী উদ্যোগের জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৫. | উদ্ভাবনী উদ্যোগ বা তা সম্প্রসারণের মাধ্যমে জনকল্যাণ ও জনদুর্ভোগ হ্রাসে অবদান | ১০ নম্বর | প্রতিটি জনদুর্ভোগ হ্রাসের জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ৬. | কার্যক্রম এর সময়কাল | ০৫ নম্বর | প্রতি বছরের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৭. | জাতীয়, আন্তর্জাতিক ও অন্যান্য স্বীকৃতি/পুরস্কার | ১০ নম্বর | ১. আন্তর্জাতিক- ০৫ নম্বর, ২. জাতীয়- ০৩ নম্বর<br>৩. স্থানীয় (জেলা/উপজেলা)-০২ নম্বর |
| ৮. | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | ০৫ নম্বর | ১. জাতীয় পত্রিকা-০২ নম্বর, ২. আঞ্চলিক পত্রিকা - ০১ নম্বর<br>৩. ইলেকট্রনিক মিডিয়া - ০১ নম্বর<br>৪. সামাজিক মাধ্যমে - ০১ নম্বর |
| ৯. | সফলতার গল্প | ০৫ নম্বর | সফলতার গল্প প্রতিটির জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ১০. | প্রতিফলনযোগ্যতা(Replicability) | ০৫ নম্বর | প্রথম একটি কাজের জন্য ০২ নম্বর এবং পরবর্তী প্রতি ০১ টি কাজের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |

**ক্যাটাগরি: ৫**

**নারী ও শিশু উন্নয়নে অসাধারণ অবদান**

**(নির্দেশক ও মানবণ্টন: জেলা কমিটি ১০০ নম্বর এবং সিলেকশন কমিটি-১০০ নম্বর)**

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবণ্টন | নির্দেশকভিত্তিক মানবণ্টন |
|---|---|---|---|
| ১. | কার্যক্রম এর ব্যাপ্তি বা ভৌগোলিক বিস্তৃতি (এলাকাভিত্তিক) | ২০ নম্বর | ১. দেশব্যাপী-২০ নম্বর, ২. বিভাগব্যাপী-১৫ নম্বর<br>৩. জেলাব্যাপী-১২ নম্বর, ৪. সিটি কর্পোরেশনব্যাপী-১০ নম্বর<br>৫. পৌরসভাব্যাপী-০৪ নম্বর, ৬. উপজেলাব্যাপী-০৫ নম্বর<br>৭. ইউনিয়নব্যাপী-০৩ নম্বর |
| ২. | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা | ২০ নম্বর | প্রতি ৫০ জনের জন্য - ০৫ নম্বর,<br>২০০ বা তদূর্ধ্ব জনের জন্য - ২০ নম্বর |
| ৩. | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | ১০ নম্বর | ১. স্বীকৃতি সনদ - ০২ নম্বর, ২. স্থিরচিত্র - ০২ নম্বর<br>৩. ভিডিও - ০২ নম্বর<br>৪. প্রভাবিত জনসংখ্যা/উপকার ভোগীদের ঠিকানা, NID ও মোবাইল নম্বর সম্বলিত কাগজপত্র - ০৪ নম্বর |
| ৪. | স্বাস্থ্য সংশ্লিষ্ট ও অন্যান্য কল্যাণমূলক কর্মকান্ডে অবদান | ১০ নম্বর | প্রতিটি স্বাস্থ্য ও কল্যাণমূলক কর্মকান্ডে অবদানের জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৫. | সুরক্ষা ও অধিকার নিশ্চিতকরণে ভূমিকা | ১০ নম্বর | প্রতিটি সুরক্ষা ও অধিকার নিশ্চিতকরণ কাজের জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৬. | কার্যক্রম এর সময়কাল | ০৫ নম্বর | প্রতি বছরের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৭. | জাতীয়, আন্তর্জাতিক ও অন্যান্য স্বীকৃতি/পুরস্কার | ১০ নম্বর | ১. আন্তর্জাতিক – ০৫ নম্বর, ২.জাতীয়- ০৩ নম্বর<br>৩. স্থানীয় (জেলা/উপজেলা)-০২ নম্বর |
| ৮. | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | ০৫ নম্বর | ১. জাতীয় পত্রিকা – ০২ নম্বর, ২. আঞ্চলিক পত্রিকা - ০১ নম্বর<br>৩. ইলেকট্রনিক মিডিয়া - ০১ নম্বর<br>৪. সামাজিক মাধ্যম - ০১ নম্বর |

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবন্টন | নির্দেশকভিত্তিক মানবন্টন |
|---|---|---|---|
| ৯. | সফলতার গল্প | ০৫ নম্বর | সফলতার গল্প প্রতিটির জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ১০. | প্রতিফলনযোগ্যতা(Replicability) | ০৫ নম্বর | প্রথম একটি কাজের জন্য ০২ নম্বর এবং পরবর্তী প্রতি ০১ টি কাজের জন্য - ০১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |

## ক্যাটাগরি: ৬

### শিক্ষার উন্নয়ন ও প্রসারে অসাধারণ অবদান

(নির্দেশক ও মানবন্টন: জেলা কমিটি ১০০ নম্বর এবং সিলেকশন কমিটি-১০০ নম্বর)

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবন্টন | নির্দেশকভিত্তিক মানবন্টন |
|---|---|---|---|
| ১. | কার্যক্রম এর ব্যাপ্তি বা ভৌগোলিক বিস্তৃতি (এলাকাভিত্তিক) | ২০ নম্বর | ১. দেশব্যাপী-২০ নম্বর, ২. বিভাগব্যাপী-১৫ নম্বর<br>৩. জেলাব্যাপী-১২ নম্বর, ৪. সিটি কর্পোরেশনব্যাপী-১০ নম্বর<br>৫. পৌরসভাব্যাপী-০৮ নম্বর, ৬. উপজেলাব্যাপী-০৫ নম্বর<br>৭. ইউনিয়নব্যাপী-০৩ নম্বর |
| ২. | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা | ২০ নম্বর | প্রতি ৫০ জনের জন্য - ০৫ নম্বর,<br>২০০ বা তদূর্ধ্ব জনের জন্য - ২০ নম্বর |
| ৩. | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | ১০ নম্বর | ১. স্বীকৃতি সনদ - ০২ নম্বর, ২. স্থিরচিত্র - ০২ নম্বর<br>৩. ভিডিও - ০২ নম্বর<br>৪. প্রভাবিত জনসংখ্যা/উপকার ভোগীদের ঠিকানা, NID ও মোবাইল নম্বর সম্বলিত কাগজপত্র - ০৪ নম্বর |
| ৪. | শিক্ষার উন্নয়ন ও প্রসারে গৃহীত ব্যবস্থা | ১০ নম্বর | প্রতি কাজের জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৫. | প্রান্তিক জনগোষ্ঠীর শিক্ষার উন্নয়ন ও প্রসারে গৃহীত বাবস্থা | ১০ নম্বর | প্রান্তিক জনগোষ্ঠীর প্রতি একজনের অন্তর্ভুক্তির জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৬. | কার্যক্রম এর সময়কাল | ০৫ নম্বর | প্রতি বছরের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৭. | জাতীয়, আন্তর্জাতিক ও অন্যান্য স্বীকৃতি/ পুরস্কার | ১০ নম্বর | ১. আন্তর্জাতিক-০৫ নম্বর, ২.জাতীয়- ০৩ নম্বর<br>৩. স্থানীয় (জেলা/উপজেলা)-০২ নম্বর |
| ৮. | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | ০৫ নম্বর | ১. জাতীয় পত্রিকা- ০২ নম্বর, ২. আঞ্চলিক পত্রিকা - ০১ নম্বর<br>৩. ইলেকট্রনিক মিডিয়া - ০১ নম্বর<br>৪. সামাজিক মাধ্যম - ০১ নম্বর |
| ৯. | সফলতার গল্প | ০৫ নম্বর | সফলতার গল্প প্রতিটির জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ১০. | প্রতিফলনযোগ্যতা(Replicability) | ০৫ নম্বর | প্রথম একটি কাজের জন্য ০২ নম্বর এবং পরবর্তী প্রতি ০১ টি কাজের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |

## ক্যাটাগরি: ৭

### পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলায় অসাধারণ অবদান

(নির্দেশক ও মানবন্টন: জেলা কমিটি ১০০ নম্বর এবং সিলেকশন কমিটি-১০০ নম্বর)

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবন্টন | নির্দেশকভিত্তিক মানবন্টন |
|---|---|---|---|
| ১. | কার্যক্রম এর ব্যাপ্তি বা ভৌগোলিক বিস্তৃতি (এলাকাভিত্তিক) | ২০ নম্বর | ১. দেশব্যাপী-২০ নম্বর, ২. বিভাগব্যাপী-১৫ নম্বর<br>৩. জেলাব্যাপী-১২ নম্বর, ৪. সিটি কর্পোরেশনব্যাপী-১০ নম্বর<br>৫. পৌরসভাব্যাপী-০৮ নম্বর, ৬. উপজেলাব্যাপী-০৫ নম্বর<br>৭. ইউনিয়নব্যাপী-০৩ নম্বর |
| ২. | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা | ২০ নম্বর | প্রতি ৫০ জনের জন্য - ০৫ নম্বর,<br>২০০ বা তদূর্ধ্ব জনের জন্য - ২০ নম্বর |
| ৩. | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | ১০ নম্বর | ১. স্বীকৃতি সনদ - ০২ নম্বর, ২. স্থিরচিত্র - ০২ নম্বর<br>৩. ভিডিও - ০২ নম্বর<br>৪. প্রভাবিত জনসংখ্যা/উপকারভোগীদের ঠিকানা, NID ও মোবাইল নম্বর সম্বলিত কাগজপত্র - ০৪ নম্বর |

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবন্টন | নির্দেশকভিত্তিক মানবন্টন |
|---|---|---|---|
| ৪. | পরিবেশ উন্নয়নে দৃশ্যমান কার্যক্রম | ১০ নম্বর | প্রতিটি দৃশ্যমান কার্যক্রমের জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৫. | জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় জনসচেতনতা সৃষ্টিতে অবদান | ১০ নম্বর | জনসচেতনতা সৃষ্টি সংক্রান্ত প্রতি কাজের জন্য ০৫ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৬. | কার্যক্রম এর সময়কাল | ০৫ নম্বর | প্রতি বছরের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৭. | জাতীয়, আন্তর্জাতিক ও অন্যান্য স্বীকৃতি/ পুরস্কার | ১০ নম্বর | ১. আন্তর্জাতিক -০৫ নম্বর, ২.জাতীয়- ০৩ নম্বর<br>৩. স্থানীয় (জেলা/উপজেলা)-০২ নম্বর |
| ৮. | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | ০৫ নম্বর | ১. জাতীয় পত্রিকা -০২ নম্বর ,২. আঞ্চলিক পত্রিকা - ০১ নম্বর<br>৩. ইলেকট্রনিক মিডিয়া - ০১ নম্বর<br>৪. সামাজিক মাধ্যম - ০১ নম্বর |
| ৯. | সফলতার গল্প | ০৫ নম্বর | সফলতার গল্প প্রতিটির জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ১০. | প্রতিফলনযোগ্যতা(Replicability) | ০৫ নম্বর | প্রথম একটি কাজের জন্য ০২ নম্বর এবং পরবর্তী প্রতি ০১ টি কাজের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |

## ক্যাটাগরি: ৮

**কলা ও সংস্কৃতিতে অসাধারণ অবদান**

(নির্দেশক ও মানবন্টন: জেলা কমিটি ১০০ নম্বর এবং সিলেকশন কমিটি-১০০ নম্বর)

| ক্রম | নির্দেশক (Indicator) | মানবন্টন | নির্দেশকভিত্তিক মানবন্টন |
|---|---|---|---|
| ১. | কার্যক্রম এর ব্যাপ্তি বা ভৌগোলিক বিস্তৃতি (এলাকাভিত্তিক) | ২০ নম্বর | ১. দেশব্যাপী-২০ নম্বর, ২. বিভাগব্যাপী-১৫ নম্বর<br>৩. জেলাব্যাপী-১২ নম্বর, ৪. সিটি কর্পোরেশনব্যাপী-১০ নম্বর<br>৫. পৌরসভাব্যাপী-০৪ নম্বর, ৬. উপজেলাব্যাপী-০৫ নম্বর<br>৭. ইউনিয়নব্যাপী-০৩ নম্বর |
| ২. | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা | ২০ নম্বর | প্রতি ৫০ জনের জন্য - ০৫ নম্বর,<br>২০০ বা তদূর্ধ্ব জনের জন্য - ২০ নম্বর |
| ৩. | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | ১০ নম্বর | ১. স্বীকৃতি সনদ - ০২ নম্বর, ২. স্থিরচিত্র - ০২ নম্বর<br>৩. ভিডিও - ০২ নম্বর<br>৪. প্রভাবিত জনসংখ্যা/উপকার ভোগীদের ঠিকানা, NID ও মোবাইল নম্বর সম্বলিত কাগজপত্র - ০৪ নম্বর |
| ৪. | কলা/সংস্কৃতি সংশ্লিষ্ট ব্যক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তুলতে অবদান | ১০ নম্বর | প্রতি একজনের জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৫. | কলা/সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠানের আয়োজন | ১০ নম্বর | প্রতি অনুষ্ঠানের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৬. | কার্যক্রম এর সময়কাল | ০৫ নম্বর | প্রতি বছরের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৭. | জাতীয়, আন্তর্জাতিক ও অন্যান্য স্বীকৃতি/ পুরস্কার | ১০ নম্বর | ১. আন্তর্জাতিক - ০৫ নম্বর<br>২.জাতীয়- ০৩ নম্বর<br>৩. স্থানীয় (জেলা/উপজেলা)-০২ নম্বর |
| ৮. | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | ০৫ নম্বর | ১. জাতীয় পত্রিকা -০২ নম্বর, ২. আঞ্চলিক পত্রিকা - ০১ নম্বর<br>৩. ইলেকট্রনিক মিডিয়া - ০১ নম্বর<br>৪. সামাজিক মাধ্যম - ০১ নম্বর |
| ৯. | সফলতার গল্প | ০৫ নম্বর | সফলতার গল্প প্রতিটির জন্য ০২ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |
| ১০. | প্রতিফলনযোগ্যতা(Replicability) | ০৫ নম্বর | প্রথম একটি কাজের জন্য ০২ নম্বর এবং পরবর্তী প্রতি ০১ টি কাজের জন্য ০১ নম্বর করে সর্বোচ্চ ০৫ নম্বর |

==0==

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# যুবকল্যাণ তহবিল হতে যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদানের নিমিত্ত অনুদানের নীতিমালা ২০২৫

যুবকল্যাণ তহবিল আইন ২০১৬ এর ৪(১)(কে) এর ধারা মোতাবেক আত্মকর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচনে সফল কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ দেশের উপযুক্ত যুব সংগঠনসমূহকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদানের বিধান রয়েছে। সার্বিক বিবেচনায় যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের ৫৩তম সভায় নিম্নরূপ নীতিমালা অনুমোদন করা হয়:

১। অনুদানের ধরণ:

ক. সারাদেশের উপযুক্ত ২০ (বিশ)টি যুব সংগঠনকে আত্মকর্মসংস্থানমূলক গৃহীত প্রকল্পের কার্যক্রমের ব্যাপ্তি, গুরুত্ব ও প্রভাব বিবেচনায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদান।

খ. প্রতি জেলার সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত একটি যুব সংগঠনকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদান।

গ. প্রতি উপজেলায় (মেট্রোপলিটন যুব ইউনিট কার্যালয়সহ) একটি যুব সংগঠনকে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা করে প্রকল্পভিত্তিক অনুদান(প্রকল্প প্রণোদনা) প্রদান।

২। অনুদান নীতিমালা/শর্তাবলী:

১. আবেদনকারী যুব সংগঠনকে আবশ্যিকভাবে (Mandatory) দেশের বিদ্যমান সংশ্লিষ্ট আইন অনুযায়ী রেজিস্টার্ড/নিবন্ধনভুক্ত হতে হবে।
২. যুবকল্যাণ তহবিল হতে অনুদান প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নিবন্ধিত যুব সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।
৩. উপানুষ্ঠানিক শিক্ষা, ঋণ, ধাত্রীবিদ্যার সাথে সম্পর্কিত প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।
৪. প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম বাস্তবায়নের জন্য সম্ভাব্য মোট ব্যয়ের কমপক্ষে শতকরা ২০ (বিশ) ভাগ অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।
৫. বিশেষ চাহিদাসম্পন্ন/প্রতিবন্ধী/তৃতীয়লিঙ্গ ব্যক্তি দ্বারা পরিচালিত যুব সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
৬. আবেদনপত্রের নির্ধারিত ফরম যথাযথভাবে পুরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণাদি আপলোড করতে হবে।
৭. বিবেচ্য অর্থবছরের পূর্ববর্তী তিন অর্থবছর যেসব যুব সংগঠন অনুদান পেয়েছে সে সকল সংগঠন আবেদনের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।
৮. যে সকল যুব সংগঠন ব্যক্তি ঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত বা এ বিষয়ে বেসরকারী কোনো প্রতিষ্ঠানের সাথে ঋণ কার্যক্রম পরিচালনায় চুক্তিবদ্ধ সে সকল যুব সংগঠন আবেদনের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।
৯. পশ্চাৎপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যপীড়িত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।
১০. ব্যাংক স্টেটমেন্ট, নিবন্ধন সনদ ও চাহিত অন্যান্য তথ্যাদির সাথে যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে যাচাই বাছাই ফরমের নির্ধারিত স্থানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন থাকতে হবে।
১১. অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে-(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় আবেদনকারী যুব সংগঠনের সদস্যদের প্রশিক্ষণপ্রাপ্ত বিবরণ (বয়স ১৮-৩৫ বছর), (খ) বাস্তবায়িত প্রকল্প/ কার্যক্রম/ কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থানের তথ্য (গ) প্রশিক্ষণ, অনুদান সহায়তার মাধ্যমে যাদের দারিদ্র্য বিমোচন করা হয়েছে সে সম্পর্কিত তথ্য (ঘ) উদ্যোক্তা তৈরি সম্পর্কিত চাহিত তথ্যাদি।
১২. যুব সংগঠনের কার্যক্রম যেমন (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম (যেমন-বাল্য বিবাহ প্রতিরোধ, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, যৌতুক বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম, মশক নিধন কার্যক্রম, নিরক্ষরতা দূরীকরণ, প্রশিক্ষণ, স্যানিটেশন কার্যক্রম) (২) যুবদের মূল্যবোধের উৎকর্ষ সাধন সম্পর্কিত কার্যক্রম (যেমন-স্বেচ্ছায় রক্তদান, পাঠাগার পরিচালনা, হতদরিদ্রদের সহায়তা ও শীতবস্ত্র বিতরণ, যুবদের নেতৃত্ব বিকাশ সাধন, বিশেষ চাহিদা সম্পন্নদের স্বাস্থ্য সেবা প্রদান, গর্ভবর্তী মহিলাদের স্বাস্থ্যসেবা প্রদান,

মৃত ব্যক্তিদের সংকারের ব্যবস্থা করা, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন) (৩) যুব সংগঠনের সামাজিক ক্ষেত্রে বিশেষ অবদান (যেমন- ক্রীড়া উন্নয়নে, সমাজসেবা ও জনকল্যাণে (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আদর্শসেবা), বিজ্ঞান প্রযুক্তি ও কারিগরি ক্ষেত্রে, নারী ও শিশু উন্নয়নে, শিক্ষার উন্নয়ন ও প্রসার, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে, কলা ও সংস্কৃতিতে) [প্রতিটি কার্যক্রমের প্রমাণাদি হিসেবে জেলা/উপজেলা প্রশাসনের কর্মকর্তার উপস্থিতির ছবি (ক্যাপশনসহ) সংযুক্ত করতে হবে ]।

১৩. নীতিমালার শর্তাদি বহির্ভূত প্রকল্প/প্রস্তাবনা/কার্যক্রম অনুদানের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

১৪. যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

**৩। প্রতি জেলায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত একটি করে যুব সংগঠন এবং প্রতি উপজেলায় (মেট্রোপলিটন ইউনিট কার্যালয়সহ) একটি যুব সংগঠন নির্বাচনের নিমিত্ত অনুদানের নির্দেশক (Indicator) ভিত্তিক মানবন্টন:**

| | | |
|---|---|---|
| ১. | যুব উন্নয়ন অধিদপ্তর হতে যুব সংগঠনের নিবন্ধন/স্বীকৃতি প্রাপ্তির জন্য | ০৫ নম্বর |
| ২. | যুব সংগঠনের ক্ষেত্রে নিবন্ধনের প্রতি পূর্ণ ০১ (এক) বছরের জন্য ০১(এক) নম্বর করে সর্বোচ্চ ০৫ (পাঁচ) নম্বর | ০৫ নম্বর |
| ৩. | তৃতীয়লিঙ্গ/বিশেষ চাহিদা সম্পন্ন/প্রতিবন্ধী ব্যক্তি কর্তৃক পরিচালিত যুব সংগঠনের জন্য | ০৫ নম্বর |
| ৪. | পশ্চাৎপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্য পীড়িত এলাকার যুব সংগঠনের জন্য | ০৫ নম্বর |
| ৫. | সংগঠন কর্তৃক গৃহীত ন্যূনপক্ষে ০২টি প্রকল্প বাস্তবায়নের জন্য ০৫ নম্বর এবং ০২ এর অধিক প্রকল্প/ কার্যক্রম কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে সর্বোচ্চ ১০ (দশ) নম্বর | ১০ নম্বর |
| ৬. | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে বিগত ০৩ (তিন) মাসের মধ্যে যুব সংগঠনের ব্যাংক স্থিতি ন্যূনতম ২০ (বিশ) হাজার টাকা বা তদূর্ধ্ব | ০৫ নম্বর |
| ৭. | যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় যুব সংগঠনের প্রশিক্ষণপ্রাপ্ত প্রতি সদস্যের (বয়স ১৮-৩৫ বছর) জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ১৫ (পনের) নম্বর | ১৫ নম্বর |
| ৮. | বিগত ০২(দুই) বছরে যুব সংগঠনের কার্য নির্বাহী পরিষদ/কমিটির সভার সংখ্যা [প্রতিটি সভার জন্য ০১(এক) নম্বর করে সর্বোচ্চ ০৫ (পাঁচ) নম্বর ] | ০৫ নম্বর |
| ৯. | যুব সংগঠন কর্তৃক (ক) বাস্তবায়িত প্রকল্প/ কর্মসূচি/কার্যক্রমের আওতায় আত্মকর্মসংস্থান (সংযুক্ত তথ্যাদির আলোকে উপকারভোগী প্রতি সদস্যের জন্য এক নম্বর করে সর্বোচ্চ পাঁচ নম্বর) (খ) প্রশিক্ষণ, অনুদান সহায়তা প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে সুযোগ সৃষ্টি (সংযুক্ত তথ্যাদির আলোকে প্রতি সদস্যের জন্য এক নম্বর করে সর্বোচ্চ পাঁচ নম্বর) (গ) উদ্যোক্তা তৈরি (সংযুক্ত তথ্যাদির আলোকে প্রতি সদস্যের জন্য এক নম্বর করে সর্বোচ্চ পাঁচ নম্বর ) | ১৫ নম্বর |
| ১০. | যুব সংগঠনের সংশ্লিষ্ট নিবন্ধনকারী স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ অডিট রিপোর্ট/আয়-ব্যয়ের বিবরণী | ০৫ নম্বর |
| ১১. | যুব সংগঠনের কার্যক্রম যেমন (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম [(যেমন-বাল্য বিবাহ প্রতিরোধ, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, যৌতুক বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম, মশক নিধন কার্যক্রম, নিরক্ষরতা দূরীকরণ, প্রশিক্ষণ ও শিক্ষা, স্যানিটেশন কার্যক্রম, প্রতিটি সচেতনতামূলক কার্যক্রমের জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ০৩ (তিন) নম্বর] (২) যুবদের মূল্যবোধের উৎকর্ষ সাধন কার্যক্রম [যেমন-স্বেচ্ছায় রক্তদান, পাঠাগার পরিচালনা, হতদরিদ্রদের সহায়তা ও শীতবস্ত্র বিতরণ, যুবদের নেতৃত্ব বিকাশ সাধন, বিশেষ চাহিদা সম্পন্নদের স্বাস্থ্য সেবা প্রদান, গর্ভবতী মহিলাদের স্বাস্থ্যসেবা প্রদান, মৃত ব্যক্তিদের সংকারের ব্যবস্থা করা, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন, প্রতিটি মূল্যবোধ কার্যক্রমের জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ০৩ (তিন) নম্বর] (৩) স্বেচ্ছাসেবী কার্যসম্পাদনা [যেমন- বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন, পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, নিরক্ষরতা দূরীকরণ, প্রশিক্ষণ কার্যক্রম, স্যানিটেশন কার্যক্রম, প্রতি স্বেচ্ছাসেবী কার্যক্রমের জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ০২ (দুই) নম্বর] (৩) সামাজিক ক্ষেত্রে বিশেষ অবদান [যেমন-ক্রীড়া উন্নয়নে, সমাজসেবা ও জনকল্যাণে (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আদর্শসেবা), বিজ্ঞান প্রযুক্তি ও কারিগরি ক্ষেত্রে, নারী ও শিশু উন্নয়নে, শিক্ষার উন্নয়ন ও প্রসারে, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে, কলা ও সংস্কৃতিতে বিশেষ অবদান বিবেচনায়, প্রতি বিশেষ অবদান সংক্রান্ত কার্যক্রমের জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ০২ (দুই) নম্বর] | ১০ নম্বর |

| | | |
|---|---|---|
| | [প্রতিটি কার্যক্রমের প্রমাণাদি হিসেবে জেলা/উপজেলা প্রশাসনের কর্মকর্তার উপস্থিতির ছবি (ক্যাপশনসহ) সংযুক্ত করতে হবে]। | |
| ১২. | সিলেকশন কমিটির সার্বিক মূল্যায়নের জন্য | ১৫ নম্বর |
| | সর্বমোট | ১০০ নম্বর |

৪। আত্মকর্মসংস্থানের স্বীকৃতি স্বরূপ সারাদেশে উপযুক্ত ২০ (বিশ)টি যুব সংগঠনকে নির্বাচনের নিমিত্ত প্রকল্পভিত্তিক অনুদানের (প্রকল্প প্রণোদনা) জন্য নতুনভাবে প্রণীত নির্দেশক (Indicator)ভিত্তিক মানবন্টন:

| | | |
|---|---|---|
| ১. | যুব উন্নয়ন অধিদপ্তর হতে যুব সংগঠনের নিবন্ধন/স্বীকৃতি প্রাপ্তির জন্য ০৫ (পাঁচ) নম্বর এবং নিবন্ধন/স্বীকৃতির বয়স প্রতি পূর্ণ ০১(এক) বছর বা ততোধিক সময়ের জন্য আরো ০৫(পাঁচ) নম্বর | ১০ নম্বর |
| ২. | যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন বা স্বীকৃতি নেই, তবে অন্য কোন সরকারি নিবন্ধনকারী প্রতিষ্ঠান হতে নিবন্ধন গ্রহণকারী যুব সংগঠনের ক্ষেত্রে নিবন্ধনের প্রতি পূর্ণ ০১ (এক) বছরের জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ০৫ (পাঁচ) নম্বর | ০৫ নম্বর |
| ৩. | সংগঠন কর্তৃক গৃহীত ন্যূনপক্ষে ০৫টি প্রকল্প বাস্তবায়নের জন্য ০৫ নম্বর এবং পরবর্তী প্রতিটি প্রকল্পের জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ১০ (দশ) নম্বর | ১০ নম্বর |
| ৪. | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে বিগত ০৩ (তিন) মাসের মধ্যে যুব সংগঠনের ব্যাংক স্থিতি ন্যূনতম ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ০৫ (পাঁচ) নম্বর | ০৫ নম্বর |
| ৫. | যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় যুব সংগঠনের প্রশিক্ষণপ্রাপ্ত প্রতি ০৫ জন সদস্যের (বয়স ১৮-৩৫ বছর) জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ১৫ (পনের) নম্বর | ১৫ নম্বর |
| ৬. | বিগত ০২(দুই) বছরে যুব সংগঠনের কার্য নির্বাহী পরিষদ/কমিটির সভার সংখ্যা [প্রতিটি সভার জন্য ০১(এক) নম্বর করে সর্বোচ্চ ০৫ (পাঁচ) নম্বর ] | ০৫ নম্বর |
| ৭. | যুব সংগঠন কর্তৃক (ক) বাস্তবায়িত প্রকল্প/ কর্মসূচি/কার্যক্রমের আওতায় আত্মকর্মসংস্থান (সংযুক্ত তথ্যাদির আলোকে উপকারভোগী প্রতি ০৩ (তিন) জন সদস্যের জন্য এক নম্বর করে সর্বোচ্চ পাঁচ নম্বর) (খ) প্রশিক্ষণ, অনুদান সহায়তা প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে সুযোগ সৃষ্টি (সংযুক্ত তথ্যাদির আলোকে প্রতি ০৩ (তিন) জন সদস্যের জন্য এক নম্বর করে সর্বোচ্চ পাঁচ নম্বর) (গ) উদ্যোক্তা তৈরি (সংযুক্ত তথ্যাদির আলোকে প্রতি ০৩ জন সদস্যের জন্য এক নম্বর করে সর্বোচ্চ পাঁচ নম্বর ) | ১৫ নম্বর |
| ৮. | যুব সংগঠনের সংশ্লিষ্ট নিবন্ধনকারী স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ অডিট রিপোর্ট/ আয়-ব্যয়ের বিবরণী | ০৫ নম্বর |
| ৯. | যুব সংগঠনের কার্যক্রম যেমন (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম [যেমন-বাল্য বিবাহ প্রতিরোধ, মশক নিধন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিস্কার পরিচ্ছন্নতা, যৌতুক বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম, প্রতি তিন ধরণের সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়নের জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ০৪ (চার) নম্বর] (২) যুবদের মূল্যবোধের উৎকর্ষ সাধন কার্যক্রম [যেমন-স্বেচ্ছায় রক্তদান, বই পড়া, হতদরিদ্রদের সহায়তা ও শীতবস্ত্র বিতরণ, যুবদের নেতৃত্ব বিকাশ সাধন, বিশেষ চাহিদা সম্পন্নদের স্বাস্থ্য সেবা প্রদান, গর্ভবতী মহিলাদের স্বাস্থ্যসেবা প্রদান, মৃত ব্যক্তিদের সৎকারের ব্যবস্থা, প্রতি তিন ধরণের মূল্যবোধ কার্যক্রম বাস্তবায়নের জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ০৪ (চার) নম্বর] (৩) সামাজিক ক্ষেত্রে বিশেষ অবদান [যেমন-ক্রীড়া উন্নয়নে, সমাজসেবা ও জনকল্যাণে (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আদর্শসেবা), বিজ্ঞান প্রযুক্তি ও কারিগরি ক্ষেত্রে, নারী ও শিশু উন্নয়নে, শিক্ষার উন্নয়ন ও প্রসারে, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে, কলা ও সংস্কৃতিতে বিশেষ অবদান বিবেচনায়, প্রতি তিন ধরণের বিশেষ অবদান সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য ০১ (এক) নম্বর করে সর্বোচ্চ ০৭ (সাত) নম্বর]<br>[প্রতিটি কার্যক্রমের প্রমাণাদি হিসেবে ক্যাপশনসহ ছবি সংযুক্ত করতে হবে (জেলা/উপজেলা প্রশাসনের কর্মকর্তার উপস্থিতিসহ)]। | ১৫ নম্বর |
| ১০. | সিলেকশন কমিটির সার্বিক মূল্যায়নের জন্য | ১৫ নম্বর |
| | সর্বমোট | ১০০ নম্বর |

## ৫। অনুদানের অর্থ ব্যবহারের নির্দেশিকা:

১. যুব কল্যাণ তহবিল হতে অনুদান প্রদানের নিমিত্ত নির্বাচিত যুব সংগঠনের পক্ষে সভাপতি ও সাধারণ সম্পাদক অনুদানের অর্থ আত্মকর্মসংস্থানমূলক নির্ধারিত প্রকল্পে যথাযথভাবে ব্যয় করবেন মর্মে চেক গ্রহণের পূর্বে একটি অঙ্গীকারপত্র দাখিল করতে হবে। অঙ্গীকারপত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলার (মেট্রোপলিটন ইউনিট থানাসহ) দায়িত্বপ্রাপ্ত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) যুব প্রতিনিধিদের স্বাক্ষর সনাক্ত করবেন এবং পরবর্তীতে উহা সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

২. যে প্রকল্প/কার্যক্রম/কর্মসূচির অনুকূলে অনুদান মঞ্জুর করা হয় সে প্রকল্পগুলো ব্যতীত অন্যত্র অনুদানের অর্থ ব্যয় করা যাবে না। অনুদানের অর্থ সংগঠনের প্রশাসনিক কাজে (যেমন-যাতায়াত ভাতা, সংগঠনের ঘর নির্মাণ, আসবাবপত্র ক্রয়, আপ্যায়ণ, প্রশিক্ষকের বেতন-ভাতা) ব্যয় করা যাবে না।

৩. অনুদানের চেক প্রাপ্তির ০৬ (ছয়) মাসের মধ্যে অনুদানের অর্থ ব্যয়পূর্বক খরচের মূল ভাউচার সম্বলিত হিসাব বিবরণী সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক-এর প্রতিস্বাক্ষরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. প্রকল্প বাস্তবায়নের জন্য ৫-৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে। কমিটির মাধ্যমে অনুদানের অর্থ ব্যয় করতে হবে এবং এ বিষয়ে একটি রেজুলেশন থাকতে হবে। অনুদানের অর্থ ব্যয়ের মূল বিল/ ভাউচার এ রেজুলেশনের সাথে সংযুক্ত থাকতে হবে।

৫. যদি কোন কারণে প্রাপ্ত অনুদানের অর্থ নির্ধারিত প্রকল্পে ব্যয় ঝুঁকিপূর্ণ হয় তাহলে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক-এর মাধ্যমে নির্ধারিত প্রকল্পে ব্যয়ের ঝুঁকির বিস্তারিত কারণসমূহ এবং অন্য যে প্রকল্পে ব্যয়ের অধিক সুযোগ/সুবিধা রয়েছে তার বিস্তারিত ব্যাখ্যা দিয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে জানাতে হবে। মন্ত্রণালয়ের অনুমতি প্রাপ্তির পরই অর্থ ব্যয় করা যাবে, অন্যথায় দেয় অর্থ যুব কল্যাণ তহবিলে ফেরত দিতে হবে।

৬. অনুদানপ্রাপ্ত যুব সংগঠন কর্তৃক গৃহীত নির্ধারিত প্রকল্প/কার্যক্রম/কর্মসূচীর অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট জেলার উপপরিচালক তাঁর অধীনস্থ উপজেলার তথ্য সন্নিবেশিত করে নির্ধারিত ছক-এ অর্থ বছর শেষে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৭. যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত উপপরিচালক অথবা তাঁর অধীনস্ত কর্মকর্তা বছরে কমপক্ষে ০২ (দুই) বার (০৬ মাস অন্তর) অনুদানপ্রাপ্ত কার্যক্রম পরিদর্শন এবং প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ করবেন এবং প্রকল্প/কার্যক্রম বাস্তবায়নের প্রতিবেদন সংরক্ষণ করবেন।

৮. প্রকল্পে অনুদানের অর্থ এ নির্দেশিকায় বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক ব্যবহার করতে হবে। গৃহীত অনুদানের অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. যুবকল্যাণ তহবিল হতে প্রদত্ত অনুদানের অর্থ সঠিকভাবে ব্যবহার, সুষ্ঠুভাবে প্রকল্প/কার্যক্রম/ কর্মসূচি পরিচালনার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুদানপ্রাপ্ত সংগঠনসমূহ যথারীতি মেনে চলতে বাধ্য থাকবেন।

১০. প্রকল্প/কার্যক্রম/কর্মসূচিভিত্তিক অনুদান ব্যবহারের জন্য যে কোন ব্যাখ্যা, পরামর্শ যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার উপপরিচালক/সহকারী পরিচালকগণ প্রদান করবেন।

স্বাক্ষরিত
১১/১২/২০২৫
মোঃ মাহবুব-উল-আলম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়